দৈনিক খবর

তারিখ 0 4 JAN 1989
পৃষ্ঠা 1 কলাম 3

# নরওয়েজীয় মেডিকেল ছাত্ররা এ দেশে প্রশিক্ষণ নিতে আসছে

॥ স্টাফ রিপোর্টার ॥

নরওয়ের একটি বিশ্ববিদ্যালয়ের পোস্ট গ্রাজুয়েট মেডিকেল ছাত্ররা বাংলাদেশে কমিউনিটি অপথ্যালমোলজির ওপর প্রশিক্ষণ গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে। দেশের বিশিষ্ট চক্ষু বিশেষজ্ঞ অধ্যাপক সৈয়দ মোদাচ্ছের আলী নরওয়ের টোরোমসো বিশ্ববিদ্যালয়

৭-এর পাতায় দেখুন

## নরওয়েজীয়

প্রথম পৃষ্ঠার পর

সফরকালে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ কথা জানান। বিশ্ববিদ্যালয়ের পাবলিক হেলথ কমিউনিটি মেডিসিন ইনস্টিটিউটের আমন্ত্রণে অভ্যাগত প্রভাষক হিসেবে তিনি এই সফর করেন।

টোরোমসো বিশ্ববিদ্যালয় ও সে দেশের অসলো ন্যাশনাল হাসপাতালের কমিউনিটি অপথ্যালমোলজি বিভাগের চিকিৎসক ও প্রশিক্ষণার্থীদের বাংলাদেশে কমিউনিটি অপথ্যালমোলজি বিষয়ক কর্মকাণ্ডের অগ্রগতি ও সফরকারী দেশে এর বাস্তবায়ন সম্পর্কে অধ্যাপক মোদাচ্ছের আলী বিস্তারিত আলোচনা করেন। আলোচনায় বাংলাদেশের চিকিৎসা বিজ্ঞানের অগ্রগতি সম্পর্কে সে দেশের চিকিৎসক ও ছাত্ররা উচ্চ ধারণা পোষণ করেন। ফলে টোরোমসো বিশ্ববিদ্যালয়ের পোস্ট গ্রাজুয়েট (এমএসসি) মেডিকেল ছাত্ররা বাংলাদেশে কমিউনিটি অপথ্যালমোলজিক্যাল প্রশিক্ষণ পদ্ধতি, মেডিকেল ছাত্ররা কিভাবে এ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করছে তার ওপর বাস্তব প্রশিক্ষণ গ্রহণের জন্য প্রতিবছর বাংলাদেশ সফরে আসবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও ছাত্ররা নীতিগতভাবে এই সিদ্ধান্ত নিয়েছে। এ বছরে মার্চ মাসের প্রথম দিকে পোস্ট গ্রাজুয়েট মেডিকেল ছাত্রদের একটি দল বাংলাদেশে আসবে বলে জানান হয়। এ ব্যাপারে টোরোমসো বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বাংলাদেশ সরকারের সাথে প্রয়োজনীয় যোগাযোগ করবে। উক্ত বিশ্ববিদ্যালয় সফরকারী ছাত্রদের সকল ব্যয়ভার বহন করবে।

উল্লেখ্য, অধ্যাপক সৈয়দ মোদাচ্ছের আলীর 'কমিউনিটি অপথ্যালমোলজি' গ্রন্থটি আন্তর্জাতিকভাবে স্বীকৃতি লাভ করেছে। বর্তমানে এই গ্রন্থটি লণ্ডনের ফয়েল'স ইন্টারন্যাশনাল লাইব্রেরীসহ কয়েকটি দেশে সংগ্রহ করা হয়েছে। এছাড়া বাংলাদেশের কমিউনিটি অপথ্যালমোলজি গ্রন্থের প্রণেতা হিসেবে টোরোমসো বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অধ্যাপক সৈয়দ মোদাচ্ছের আলীকে প্রতিবছর অভ্যাগত প্রভাষক হিসেবে সে দেশে যাওয়ার আমন্ত্রণ জানিয়েছেন।